পরশুরাম উপজেলা পরিষদ
পরশুরাম, ফেনী

## মার্চ, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব কামাল উদ্দিন মজুমদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী
সভার স্থান ঃ উপজেলা পরিষদ খোকা মিয়া মিলনায়তন
তারিখ ও সময় ঃ ১৫ মার্চ ২০২২, দুপুর ১২:৩০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' ও খতে সংযোজন করা হলো

সভাপতি প্রারম্ভে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। উপজেলা নির্বাহী অফিসার প্রমোসন নিয়ে (এডিসি) অন্যত্র বদলী হয়ে যাচ্ছেন মর্মে অশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর উপজেলার সকল সরকারি দপ্তরের বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড বিষয়ে আলোচনা করেন এবং সরকারি নির্দেশনা মোতাবেক সঠিকভাবে বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। আলোচ্য সভায় দপ্তর ভিত্তিক কর্মকাণ্ড সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | দপ্তর/ বিভাগ | আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সকল সদস্যের সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। |
| ১ | স্বাস্থ্য অফিস | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান, ফেব্রুয়ারি/২০২২ খ্রিঃ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হাসপাতাল ও মাঠ পর্যায়ের বিভিন্ন বিভাগ/ইউনিটের কাজের অগ্রগতি যথাক্রমেঃ ১। ইপিআই ঃ মোট টিকা প্রাপ্ত শিশুর সংখ্যা ১২৬৬জন এবং টিকা প্রাপ্ত মহিলার সংখ্যা ৫৩৫ জন। ২। কমিউনিটি ক্লিনিক ঃ পরশুরাম উপজেলাধীন ০৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় চলুকৃত ১২টি কমিউনিটি ক্লিনিকে মোট ৩৯৩৮ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৩। জরুরি বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৬২৬জন। ৪। বহিঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫৯৫০জন। ৫। আন্তঃ বিভাগ ঃ ভর্তিকৃত রোগীর সংখ্যা ৪০৮জন। ৬। বেড অকুপেন্সি রেট ঃ শয্যা সংখ্যা ৫০%, বেড অকুপেন্সি রেট ৭৭% ৭। নরমাল ডেলিভারির সংখ্যা ঃ ৪৫টি। ৮। এ,আর, আই রোগীর সংখ্যা ২৮২ টি। ০৯। জখমী সনদ প্রদান ০১টি। ১০। মাইনর অপারেশনের সংখ্যা ২৫৪ টি। ১১। ডিএন্ডসি সেবা ০৩ জন। ১২। উপ-স্বাস্থ্য কেন্দ্রসমূহে রোগীর সংখ্যা ৬৯৭জন। ১৩। ডায়রিয়া রোগীর সংখ্যা ২২৯ জন। ১৪। প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষার সংখ্যা ৪৬১জন। ১৫। ইসিজি পরীক্ষার সংখ্যা ঃ ৪৫টি। ১৬। ফেব্রুয়ারি/২০২২ খ্রিঃ মাসে এ্যাম্বুলেন্সে রোগী পরিবহন এবং ইউজার ফি আদায় বাবদ মোট ৫১,৭৪৭/- (একান্ন হাজার সাতশত সাতচল্লিশ) টাকা মাত্র সরকারি কোষাগারে জমা করা হয়েছে।<br><br>**করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত** করোনা ভাইরাস প্রতিরোধ কার্যক্রমে সরকার কর্তৃক ঘোষিত ও নির্দেশিত সকল কার্যক্রম বাস্তবায়নে পরশুরাম উপজেলা স্বাস্থ্য বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এই পর্যন্ত অত্র উপজেলা হতে ৫৪৬৫ জনের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে ৫৩৫০ জনের পরীক্ষার ফলাফল পাওয়া গেছে। উক্ত ফলাফলে স্বাস্থ্য বিভাগে কর্মরত ১৪ জনসহ মোট ১১৯০ জনের পজিটিভ রিপোর্ট পাওয়া গিয়েছে। সংক্রমনকৃত রোগীদেরকে জাতীয় গাইডলাইন ও নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করা হচ্ছে। ইতিমধ্যে স্বাস্থ্য বিভাগের ১৪ জনসহ মোট ১১১৫ জন সুস্থ্য হয়েছে, ০৭ জন মৃত্যুবরন করেছেন।<br><br>**কোভিড-১৯ ভ্যাকসিনেশান কার্যক্রমঃ** কোভিড-১৯, প্রতিরোধে সাইনোফার্মা/সিনোবেক ১ম ও ২য় ডোজ এবং ২য় ডোজ প্রাপ্তির ৬ মাস পূর্ণ হলে মেসেজ প্রাপ্তি স্বাপেক্ষে ৩য় ডোজ মর্ডানা টিকা প্রদান চলিতেছে এবং ইউনিয়ন পরিষদের কেন্দ্রসহ সকল কমিউনিটি ক্লিনিকে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনায় বিভিন্ন সময়ে গনটিকা অনুষ্ঠিত হচ্ছে। এযাবত ৮০০৬০ জনকে ১ম ডোজ ৬৩৭৮৮ জনকে ২য় ডোজ এবং ২২৫৪ জনকে ৩য় ডোজ টিকা প্রদান করা হয়েছে। সকলে নিবন্ধন সম্পন্ন করত: মেসেজ প্রাপ্তি স্বাপেক্ষে টিকা গ্রহণের জন্য অনুরোধ করা যাইতেছে। বর্তমানে মেসেজ ব্যতিত মাঠ পর্যায়ের টিকা কেন্দ্রসমূহে প্রতি শনি ও মঙ্গলবার টিকা প্রদান করা হচ্ছে। উল্লেখ্য যে সরকার ভাসমান জনগোষ্ঠীকে একডোজ জংশনের টিকা প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ভাসমান জনগোষ্ঠীকে টিকার আওতায় আনার লক্ষ্যে সম্মানী পৌর মেয়র ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তাদের আওতাধীন এলাকায় ভাসমান জনগোষ্ঠীর তালিকা/সম্ভাব্য সংখ্যা জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।<br>কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ ও ক্ষুদে ডাক্তার কার্যক্রম ঃ ২০ মার্চ-২০২২ হইতে জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ এবং ২৭ মার্চ ০২ এপ্রিল/২২ পর্যন্ত ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম চলবে। এই কার্যক্রমে ৫-১৬ বছর বয়সী বিদ্যালয়গামী ও বিদ্যালয় বহির্ভূত (পথশিশু, কর্মজীবি শিশু, বিদ্যালয় হতে ঝড়ে পড়া) সকল শিশুকে শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতির মাধ্যমে ১ ডোজ কৃমি নাশক ঔষধ (মেবেন্ডাজল-৫০০ মিগ্রাঃ) সেবন করানো হবে। ক্ষুদে ডাক্তার কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রমটি শুধুমাত্র ৫-১৬ বছর বয়সী শিক্ষার্থী বা শিশু শ্রেণি থেকে দশম শ্রেণি বা সমপর্যায়ের শ্রেণিসমূহে পরিচালিত হবে। কৃমিনাশক ঔষধটি নিরাপদ এবং এটি শিশুদের শারীরিক ও মানসিক বৃদ্ধির সহায়ক হিসাবে কাজ করে। কাজেই বর্ণিত কর্মসূচী সমূহের শতভাগ সফলতায় সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা যাইতেছে। |

| | | |
|---|---|---|
| ২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে সর্বমোট ৫৬,৪০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ অনুযায়ী সর্বমোট ৩৪টি প্রকল্প নেয়া হয় এবং রাজস্ব উন্নয়ন জমা খাতে সর্বমোট ৭০,৪৫,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ অনুযায়ী সর্বমোট ৩২টি প্রকল্প নেয়া হয় যাহা পরিশিষ্ট 'ক' তে দেখা যেতে পারে যাহা উপজেলা পরিষদের সমন্বয় কমিটিতে অনুমোদন করা যেতে পারে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, পরশুরাম, ফেনী। |
| ৩ | কৃষি অফিস | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, যে বোরো আবাদ লক্ষ্য মাত্রা ও অর্জনঃ ৩২৭০.০ হেঃ, অর্জিত ২৬৭০.০ হেঃ, রবি মৌসুমে সরিষা, ভুট্টা সূর্যমুখী, মুগ, চীনাবাদাম, মসুর গম ফসলে ৫৮০ জন কৃষকের মাঝে প্রনোদনার বীজ ও সার বিতরণ কার্যক্রম চলমান। বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম চলমান। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক।<br>বাস্তবায়নেঃ উপজেলা কৃষি কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৪ | প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, মার্চ/২০২২ খ্রিঃ মাসে প্রাণিসম্পদ বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রম যথাক্রমে গবাদি পশুর চিকিৎসা- ১০৪০ টি, হাঁস-মুরগীর চিকিৎসা- ৩৪০০ টি, কৃত্রিম প্রজনন-১০০ টি, দুধ উৎপাদন ৬৬৩ মেঃ টন, মাংস উৎপাদন- ৩৩২ মেঃ টন, হাঁস-মুরগীর ডিম উৎপাদন- ৮.০১ লক্ষ। গবাদি পশুর টিকা প্রদান-৭৮৬মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ২৬০০০ মাত্রা। এছাড়াও উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, পার্শবর্তী বর্ডার দিয়ে, যাতে কোন প্রকার গবাদিপশু প্রবেশ করতে না পারে সে জন্য বিজিবি ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানান।<br>বাস্তবায়নেঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা। |
| ৫ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ৬ | খাদ্য নিয়ন্ত্রণ অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ৭ | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মোবাইল কোর্ট পরিচালনা ও মৎস্য চাষি র‍্যালি করা হয়। পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান এবং হাট-বাজার পরিদর্শনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৮ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা সমবায় কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ৯ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, স্কুল, মাদ্রাসা ও কারিগরী প্রতিষ্ঠানের শীতকালীন খেলাধুলা চলমান আছে, তবে কোভিট-১৯ আক্রান্ত বৃদ্ধি পাওয়ার কারণে শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রমে বন্ধ আছে। শীতকালীন খেলাধুলা আপাতত স্থগিত আছে। অনলাইন ক্লাস চলমান আছে। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১০ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০২ মার্চ ২০২২ তারিখ থেকে ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত স্বাভাবিক শ্রেণি কার্যক্রম চলমান আছে। এছাড়া ও প্রতি সপ্তাহে ২দিন প্রাক-প্রাথমিক শ্রেণির শ্রেণি কার্যক্রম চালানোর বিষয়ে সিদ্ধান্ত পাওয়া গিয়েছে। এছাড়াও বিভিন্ন অসুস্থতাজনিত কারণে যেসকল শিক্ষার্থী বিদ্যালয়ে অনুপস্থিত থাকে তাদের জন্য অনলাইনে পাঠদান কার্যক্রম চালু রয়েছে। পাশাপাশি সংসদ বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতারেও পাঠদান কার্যক্রম চলমান আছে। তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। বাস্তবায়নেঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১১ | বিআরডিবি অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১। সদস্য ভর্তি মাসে ৩৩ জন বছরে ২২৩ জন সর্বমোট ২৫৬২ জন। ২। সমিতি/দল গঠন মাসে ০টি বছরে ০৫টি সর্বমোট ২২৪টি। ৩। প্রশিক্ষন মাসে ৪০ বছরে ১১০ জন সর্বমোট ৮৭০ জন। ৪। প্রাথমিক সমিতি অডিট মাসে ০৫টি বছরে ৪৫টি সর্বমোট ১২৬৬টি। ৫। সঞ্চয় আদায় মাসে ১.২৩ বছরে ১০.৭৩ সর্বমোট ৮৬.৭৭। ৬। শেয়ার আদায় মাসে ০.২৪ বছরে ০.৬৪ সর্বমোট ১২.১৮। ৭। ঋণ বিতরণ মাসে ২০.৩৫ বছরে ১৯২.৪৪ সর্বমোট ৪৯৬০.৭৬ ৮। ঋণ আদায় মাসে ৩২.১৭ বছরে ১৪৭.৭৮ সর্বমোট ৪৬৪১.৪৬। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ও সন্তোষজনক।<br>বাস্তবায়নেঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পরশুরাম, ফেনী। |
| ১২ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম স্বাভাবিক। |
| ১৩ | শিশু বিষয়ক বিভাগ | উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৪ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৫ | আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |

| | | |
|---|---|---|
| ১৬ | বন অফিস | উপজেলা রেঞ্জ কর্মকর্তা সভায় জানান যে, কাজী ফরিদ আহাম্মদ স্বাঃ ওমর কাজী সাং- মনিপুর, সুবার বাজার, পরশুরাম একজন মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান মনিপুর মৌজার রাস্তার পার্শ্বে তার জোত ভূমি খতিয়ান নং- ১২১, দাগ নং- ১০৯৩ এবং ১০৯৯ তে নিজ উদ্যোগে বিবিধ জাতের ১১৫টি বনজ গাছ রোপন করেছেন। রাস্তার পার্শ্বে জমিন বিধায় তার নিজ প্রয়োজনের গাছ গুলো কর্তনের জন্য আবেদন করেছেন। এই সভায় অনুমোদন পাওয়া গেলে। সে গাছগুলো কর্তন করবে।<br>সিদ্ধান্ত ঃ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান হিসেবে বিবেচনা করে রাস্তার পার্শ্বে নিজের খতিয়ান ভূক্ত ভূমিতে নিজে রোপিত ১১৫টি গাছ তার নিজ প্রয়োজনে কর্তনের জন্য অনুমতি প্রদানের সর্বম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।<br>বাস্তবায়নে ঃ বন বিভাগ,পরশুরাম, ফেনী |
| ১৭ | মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ক্ষুদ্র ঋণ আদায় নিয়মিত হচ্ছে, ৩টি ইউনিয়ন এর ভিজিডি উপকারভোগীদের মধ্যে নিয়মিত ৩০ কেজি করে খাদ্য শস্য (চাল) বিতরণ করা হয়েছে। তাছাড়া কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ১৮ | পল্লী সঞ্চয় ব্যাংক, পরশুরাম শাখা | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, মাসিক সঞ্চয় আদায় ৮.৪০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় ১৬৮.৫৩ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৪৮৫.৩৭ লক্ষ টাকা, মাসিক ঋণ আদায় ৩৭.৯১ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১১৮২.১৯ লক্ষ টাকা। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>বাস্তবায়নেঃ ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আমার বাড়ী আমার খামার। |
| ১৯ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ফেব্রুয়ারি/২০২২ খ্রিঃ মাসে উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা ২০৬০২জন। মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ১৫৬৭৭ জন। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর) ৭৬.০৯% স্থায়ী পদ্ধতি ০৬ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতির মধ্যে ইমপ্ল্যান্ট ৩১ জন, আইইউডি ২০ জন। অস্থায়ী পদ্ধতি গ্রহণকারীর মধ্যে ইনজেকশন ২৭ জন, খাবার বড়ি ৬৬ জন এবং কনডম ৪১ জন। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের মধ্যে প্রাতিষ্ঠানিক সেবা ৪৭ জন, গর্ভবতী মায়ের সেবা ২১৬ জন, প্রসব পরবর্তী সেবা ১১৯ জন এবং নবজাতকের সেবা ৯৭ জন। ০৪ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ১৯টি স্যাটেলাইট ক্লিনিকে মাঠ কর্মীদের বাড়ি পরিদর্শনের মাধ্যমে উক্ত সেবা প্রদান করা হয়, তাছাড়া কোভিড-১৯ পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, বাল্য বিবাহ এবং পুষ্টি বিষয়ে জনগণকে অধিকতর সচেতন করা হয়।<br>বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ২০ | পল্লীবিদ্যুৎ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ২১ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। |
| ২২ | "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" বাস্তবায়ন সংক্রান্ত | জনপ্রশাসন মন্ত্রণালয়, মাঠ প্রশাসন-২ শাখা, বাংলাদেশ সচিবালয় হতে প্রাপ্ত "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনার আলোকে স্বল্পমেয়াদী (তিন মাসব্যাপী), মধ্যমেয়াদী (বছরব্যাপী) এবং দীর্ঘমেয়াদী (চলমান) কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মুজিব বর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" এর কার্যক্রম নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নে : উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, মেয়র, পরশুরাম পৌরসভা, চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউ পি (সকল) ও উপজেলা পরিষদের সকল সরকারি দপ্তর। |
| ২৩ | ভূমিহীন ও গৃহহীনদের ঘর নির্মাণ সংক্রান্ত | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা স্মারক নং- ৪৩৮, তারিখঃ ১৭ জুন ২০২১খ্রি. আদেশে মুজিবশতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য উপজেলা পরিষদ কর্তৃক প্রতিশ্রুতি অনুযায়ী গৃহ নির্মাণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ভূমিহীন ও গৃহহীন বিহ্নিত করে জনাব ওহেদ আলী, পিতা- আব্দুল হামিদ, মাতা- মৃত ফাতেমা খাতুন, গ্রাম- দক্ষিণ কোলাপাড়া, পরশুরাম, ফেনীকে ঘর নির্মাণ করে প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২৪ | মুজিববর্ষ উদযাপন সংক্রান্ত | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে পরশুরাম উপজেলার সকল সরকারি দপ্তর ও স্থানীয় সরকার বিভাগের সকল প্রতিষ্ঠানসমূহকে মুজিববর্ষের বর্ষব্যাপী সকল কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>বাস্তবায়নেঃ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের সকল সরকারি দপ্তর। |

| | | |
|---|---|---|
| ২৫ | বিবিধ | (১) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সার্বক্ষনিক নিরাপত্তা প্রহরায় আনসার সদস্যদের আনসার সেড নির্মাণ স্থানের চর্তুপাশে কয়েকটি বিভিন্ন প্রজাতির গাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় পড়ে আছে। বৃষ্টি ও তুফানে যে কোন সময় ভেঙ্গে পড়ে যেতে পারে এবং মানুষ চলাচলে ক্ষয়ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে। উক্ত ঝুঁকিপূর্ণ ১৯টি বিভিন্ন প্রজাতির গাছ বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের বিষয়ে উপজেলা রেঞ্জ কর্মকর্তা, পরশুরাম সভায় ৭৯৩০৬/- (উনআশি হাজার তিনশত ছয়) টাকা মূল্য বিবরণীসহ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা রেঞ্জ কর্মকর্তা, পরশুরাম, ফেনীকে অনুরোধ জানানো হয়।<br>(২) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা এর স্মারক নং-৬৮, তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০২২খ্রি: আদেশ মেরামত/সংস্কারযোগ্য ইউনিয়ন পরিষদের তালিকা চাওয়া হয়। প্রাপ্ত নির্দেশনার আলোকে মির্জানগর ইউনিয়ন পরিষদ ভবনের ১২,১৬,০০৭/- টাকা, চিথলিয়া ইউনিয়ন পরিষদ ভবনের ১৪,৭৪,৫৯০/-টাকা এবং বক্সমাহমুদ ইউনিয়ন পরিষদ ভবনের ২১,৭৫,৭৮১/- টাকা প্রাক্কলন তৈরি করে উপজেলা প্রকৌশলী, পরশুরাম সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলনসহ বিস্তারিত প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী এর জুলাই/২০২১ মাস হতে ফেব্রুয়ারি ২০২২ মাস পর্যন্ত সরকারি কাজে বিভিন্ন জায়গায় ও উর্দ্ধতন সরকারি অফিসে সভা ও জরুরী অনুষ্ঠানে ভ্রমন করা হয়েছে। উক্ত ভ্রমণে বিল অদ্যাবধি গ্রহন করা হয়নি। মাস ওয়ারি ভ্রমন ব্যয় বিল ৮০,০০০/- (আশি হাজার) টাকা।<br>(৪) জনাব এনামুল করিম মজুমদার (বাদল), উপজেলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী এর জুলাই/২০২১ মাস হতে ফেব্রুয়ারি ২০২২ মাস পর্যন্ত সরকারি কাজে বিভিন্ন জায়গায় ও উর্দ্ধতন সরকারি অফিসে সভা ও জরুরী অনুষ্ঠানে ভ্রমন করা হয়েছে। উক্ত ভ্রমণে বিল অদ্যাবধি গ্রহন করা হয়নি। মাস ওয়ারি ভ্রমন ব্যয় বিল ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকা।<br>(৫) জনাব সমাচুন নাহার, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী এর জুলাই/২০২১ মাস হতে ফেব্রুয়ারি ২০২২ মাস পর্যন্ত সরকারি কাজে বিভিন্ন জায়গায় ও উর্দ্ধতন সরকারি অফিসে সভা ও জরুরী অনুষ্ঠানে ভ্রমন করা হয়েছে। উক্ত ভ্রমনে বিল অদ্যাবধি গ্রহন করা হয়নি। মাস ওয়ারি ভ্রমন ব্যয় বিল ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা। প্রদানের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহারের নির্দেশিকার নির্দেশনার অনুযায়ী পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(৬) উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনে সার্বক্ষণিক নিরাপত্তা প্রহরায় আনসার সদস্যদের গার্ড রুমের ল্যাট্রিনের পাইপ লাইন ও দরজা ব্যবহারের অনুপযোগী হওয়ায় উহা স্থানীয় শ্রমিকের মাধ্যমে সংস্কার ও মেরামত কাজ করা হয়। উহার ব্যয় বাবদ ২১২৫০/- (একুশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা। লেট্রিনের পাইপ লাইন মেরামত কাজের বিষয়ে সভায় উপস্থাপন করা হয় এবং ব্যয়কৃত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার আনসার সদস্যদের আনুষংগিক খাত হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |

কামাল উদ্দিন মজুমদার
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পরশুরাম, ফেনী

স্মারক নং- ০৫.২০.৩০৫১.০০১.১৮.০০৫.২১- ২৯৫

১০ চৈত্র ১৪২৮
২৪ মার্চ ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ফেনী-১
০২। সচিব, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। পরিচালক, ত্রাণ অধিদপ্তর, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৭। জেলা প্রশাসক, ফেনী
০৮। উপ-সচিব (উপজেলা শাখা), পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, ঢাকা
১০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেনী
১১। জেলা ত্রাণ কর্মকর্তা, ফেনী
১২। ........................................................পরশুরাম, ফেনী
১৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, পরশুরাম উপজেলা পরিষদ, ফেনী
১৪। অফিস কপি

২৪।৩।২২

প্রিয়াংকা দত্ত
উপজেলা নির্বাহী অফিসার
পরশুরাম, ফেনী

মার্চ-২২ জনপ্রতিনিধি বৃন্দ

| | | |
|---|---|---|
| ০১ | জনাব শিরিন আক্তার<br>মাননীয় সংসদ সদস্য ফেনী-১ | |
| ০২ | জনাব কামাল উদ্দিন মজুমদার<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ | [signature] |
| ০৩ | জনাব নিজাম উদ্দিন আহম্মেদ চৌধুরী<br>মেয়র পরশুরাম পৌরসভা | [signature] |
| ০৪ | জনাব এনামুল করিম মজুমদার<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | [signature] |
| ০৫ | জনাব সামছুন নাহার<br>মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | সামছুন নাহার |
| ০৬ | জনাব নুরুজ্জামান (ভুট্টু)<br>চেয়ারম্যান ০১ নং মির্জানগর ইউ. পি. | [signature] |
| ০৭ | জনাব জসিম উদ্দিন<br>চেয়ারম্যান ০৩ নং চিথলিয়া ইউ. পি | [signature] |
| ০৮ | জনাব আবদুল জহির<br>চেয়ারম্যান ০৪ নং বক্সমাহমুদ ইউ. পি. | |
| ০৯ | জনাব রাহেলা আক্তার<br>সংরক্ষিত মহিলা সদস্য | Rah 15.03.22 |

## কর্মকর্তা বৃন্দ

মার্চ/22
১৫/০৩/২০২২

| | |
|---|---|
| ০১ | জনাব প্রিয়াংকা দত্ত<br>উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী. |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী. |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. |
| ০৪ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. |
| ০৬ | উপজেলা প্রকৌশলী (LGED)<br>পরশুরাম ফেনী. |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. |
| ০৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. |
| ১০ | উপজেলা সমবায় কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. |

| | | |
|---|---|---|
| ১১ | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী. | [illegible] /৩/২২ |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | ১৫/৩/২২ |
| ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>পরশুরাম, ফেনী, | |
| ১৪ | উপঃ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>পরশুরাম, ফেনী. | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>পরশুরাম ফেনী, | [illegible] |
| ১৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>পরশুরাম ফেনী, | 15.03.2 |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>পরশুরাম ফেনী, | [illegible] |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা<br>পরশুরাম ফেনী. | ১৫/৩/২২ |
| ১৯ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক<br>পরশুরাম ফেনী, | [illegible] /২২ |

| | | |
|---|---|---|
| ০১ | থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>পাংশা মডেল থানা | |
| ০২ | -আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>পাংশা, রাজবাড়ী. | |
| ০৩ | -উপজেলা নির্বাচন কর্মকর্তা<br>পাংশা, রাজবাড়ী. | |
| ০৪ | -ভিডিএম সাব জোনাল অফিস<br>পাংশা, রাজবাড়ী. | |
| ০৫ | -উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>পাংশা, রাজবাড়ী. | 15/3/22 |
| ০৬ | -উপজেলা তথ্য সেবা কর্মকর্তা<br>পাংশা, রাজবাড়ী. | 25/03/2022 |
| ০৭ | -সহকারী প্রোগ্রামার<br>পাংশা, রাজবাড়ী. | |
| ০৮ | -ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন<br>পাংশা, রাজবাড়ী. | |
| ০৯ | -উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তা<br>পাংশা, রাজবাড়ী. | |